গাংনীতে আলম সাধু দুর্ঘটনায় নিহত ১

মেহেরপুরের গাংনীতে আলম সাধুর ধাক্কায় সাইফুল রেজা ওরফে মহাজন
(৩৫) নামে এক ব্যবসায়ী নিহত হয়েছেন।

বুধবার রাত সাড়ে ৭টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের পোড়াপাড়া গ্রামের হঠাৎপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাইফুল রেজা পলিথিন, গ্রীস, গিয়ার অয়েল, মবিল ও হার্ডওয়ার সামগ্রীর পাইকারি ও খুচরা ব্যবসায়ী ছিলেন। তিনি মেহেরপুর পুলিশ লাইনপাড়ার টুকু হোসেনের ছেলে।

ঘটনার পর স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার চেষ্টা করলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বনী ইসরাইল জানান, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে ধানের শীষের ভোট চেয়ে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মুজিবনগর বিএনপির চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছে মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

বুধবার বিকালে গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নে পৌঁছালে মহাজনপুর ইউনিয়নবাসী ও বিএনপির নেতাকর্মীরা তাকে বরণ করে নেন।

আমিরুল ইসলামকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে নারী-পুরুষ-শিশুসহ অসংখ্য লোকের ভিড় জমে যায়। এ সময় তারা হাততালি দিয়ে আমিরুল ইসলামকে শুভেচ্ছা জানান এবং ধানের শীষের পক্ষে স্লোগান দেন।

এ সময় সাধারণ জনগণকে ধানের শীষে ভোট দিতে আহ্বান জানান তিনি। পরে তিনি পরানপুর, বাবুপুর ও মহাজনপুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন।

এ সময় সাধারণ জনগণের মাঝে তারেক জিয়ার ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে উৎসাহিত করা হয়।

গণসংযোগকালে পথসভায় বিএনপির নেতা-কর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, ১৬ বছর আওয়ামী লীগের জুলুম-নির্যাতন সহ্য করে আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি। আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন-সংগ্রামের সফলতা নিয়ে আসবেন।

তিনি আরও বলেন, বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন, আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট দিয়ে তার বিজয় সুনিশ্চিত করব।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মহাজনপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপির নেতাকর্মী এবং মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা।

মেহেরপুরে দুর্গাপূজা উপলক্ষে শুভেচ্ছা উপহার বিতরণ

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলার ১৪টি মন্দিরে শুভেচ্ছা উপহার বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকেলে প্রতিটি মন্দিরে মিষ্টি সামগ্রী প্রদান করা হয়। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খাইরুল ইসলাম নিজ হাতে এসব উপহার তুলে দেন।

এ সময় পূজা উদযাপন পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদকসহ অনেকেই উপস্থিত ছিলেন।

প্রশাসনের পক্ষ থেকে সকলকে শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে দুর্গোৎসব উদযাপনের আহ্বান জানানো হয়।

মেহেরপুরের শ্যামপুরে বিএনপির উদ্যোগে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে জেলা বিএনপির উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১ অক্টোবর) সকাল ১০টায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের আয়োজনে এ কর্মসূচি পালিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান

বলেন, “তারেক রহমানের ৩১ দফা দাবি আদায়ের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। জনগণের মৌলিক অধিকার ও সুচিকিৎসা নিশ্চিত করাই আমাদের উদ্দেশ্য। তারেক রহমানের নির্দেশেই আমরা সব কার্যক্রম পরিচালনা করছি।

এ সময় স্থানীয় শতাধিক মানুষ চিকিৎসা সেবা নেন এবং প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে সংগ্রহ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেন। উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু,সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুল হামিদ খান গাজু ও সাংগঠনিক সম্পাদক সৌরভ উদ্দিন

শ্যামপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ফজলুর রহমান ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি শাহজাহান মাস্টার বিএনপি নেতা সুইট জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহসহ দলীয় অন্যান্য নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ বলেন, “জনগণের দুঃখ-দুর্দশায় পাশে দাঁড়ানোই বিএনপির মূল লক্ষ্য। ক্ষমতা নয়, মানুষের কল্যাণই আমাদের রাজনীতির মূল উদ্দেশ্য। তাই এ ধরনের মানবিক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।”

গাংনীতে উদ্ধার হওয়া নবজাতকের পাশে ইউএনও খায়রুল ইসলাম

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া গ্রামের বাঁশবাগান থেকে উদ্ধার হওয়া নবজাতক শিশুটির খোঁজখবর নেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো: খায়রুল ইসলাম।

গতকাল মঙ্গলবার রাতে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে তিনি নবজাতকের জন্য হাসপাতাল কর্তৃপক্ষের হাতে প্রয়োজনীয় উপহার

সামগ্রী তুলে দেন।

উদ্ধারকৃত নবজাতকটি সুস্থ আছে বলে জানিয়েছেন চিকিৎসকরা।

নামের সুবিচার করেননি ওসি এলএসডি দেবদূত!

নাম তাঁর দেবদূত রায়। ঈশ্বরের বার্তাবাহক বা স্বর্গীয় দূত হিসেবে সম্মান মর্যাদার কথা বিবেচনায় নিয়েই বাবা-মা ছেলের নাম রেখেছিলেন দেবদূত। কিন্তু মেহেরপুরের সদর এলএসডি (ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা) দেবদূত রায় নিজের নামের সাথে সুবিচার না করে জড়িয়েছেন নানা অনিয়ম ও দুর্নীতির সাথে।

মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে বেরিয়ে এসেছে দেবদূতের নানা অনিয়ম ও দুনীতির চিত্র।

দু’বছর আগে মেহেরপুর সদর এলএসডি ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যোগদান করেন দেবদূত রায়।

জেলার খাদ্য গোডাউনগুলো নানা ধরনের অনিয়ম ও দুর্নীতির আখড়াবাড়ি। মেহেরপুর জেলার খাদ্য গোডাউনগুলোতে দীর্ঘদিন থেকে এই অনিয়ম দুর্নীতি চলে আসলেও জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তাব্যক্তিরা কিছুই জানেন না বলে জানিয়েছেন।

মেহেরপুর পৌরসভার মধ্যে দুটি স্থানে বড়বাজার এবং কলেজ রোডে ৬টি, আমঝুপিতে ২টি এবং গাংনীতে ৩টি সর্বমোট জেলায় ১১টি খাদ্য গোডাউন আছে।

সদর এলএসডি ভারপ্রাপ্ত কর্মকর্তা দেবদূত রায় পৌরসভার মধ্যে ৬টি গোডাউনের দায়িত্বে ছিলেন ১৪ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত। বর্তমানে তিনি মেহেরপুর জেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ডেপুটেশনে রয়েছেন। চাল মিলারদের সাথে যোগসাজশে ব্যবসায় যুক্ত থাকা, আর্থিক সুবিধা নিয়ে নিম্নমানের চাল গোডাউনে উত্তোলন, গোডাউনের নিরাপত্তা প্রহরীদের কাজে লাগিয়ে ব্যক্তিগত সুবিধা নেওয়া সহ নানা অভিযোগ

দেবদূতের বিরুদ্ধে। চলতি বছরের আগস্ট ও সেপ্টেম্বর মাসে ৬০০ মে. টন চাল প্রোগ্রামের মাধ্যমে মেহেরপুর এলএসডি’তে আসে। এর মধ্যে কুষ্টিয়া এলএসডি থেকে ৩০০ মে. টন এবং জগতি এলএসডি থেকে ৩০০ মে. টন।

অনুসন্ধানে জানা গেছে ৬০০ মে. টন চালের মধ্যে প্রায় ৪০ ভাগ ভালো চাল, বাকিটা নিম্নমানের লাল চাল গ্রহণ করেছে দেবদূত। কুষ্টিয়া মিলারদের সাথে মেহেরপুর এলএসডি’র নিরাপত্তা প্রহরী আমানুজ্জামান লাভলুর মাধ্যমে আর্থিক লেনদেনও করে থাকেন তিনি।

গোডাউনের ভিতরে বাজে চালের সাথে ভালো চাল মিশিয়ে নতুন বস্তা প্রস্তুত করানো দেবদূত রায়ের নিত্যকার কাজকর্মের একটি।

২০২৫ সালের মে মাস থেকে আগস্ট পর্যন্ত বোরো চাল ক্রয় করা হয়। এই চালগুলো সবই নতুন চাল হওয়ার কথা, কিন্তু অধিকাংশই পুরাতন চাল। মিলের ইস্টেন্সিল নেই, WQSC নাম্বার নেই। লটের চারদিকে নতুন ভালো চাল রেখে ভিতরে পুরাতন খারাপ চাল রাখা হয়েছে। যার মধ্যে এফএস-১ চা/২৭/ ৪০০ বস্তায় চাল আছে ১২০ মে. টন। এফএস-১ চা/৩৫/২০৬৯ বস্তায় চাল আছে ৬২ মে. টন। এফএস-৪ চা/৩৪/ ২৯২৭ বস্তায় চাল আছে ১৪৬ মে. টন। এগুলো অধিকাংশই পুরাতন চাল।

প্রত্যেক এলএসডি একটি সংরক্ষিত এলাকা। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এএসআই, নিরাপত্তা প্রহরী সকলের জন্যই আলাদা আলাদা কোয়ার্টার আছে। এলএসডির ভিতরে যাবতীয় কর্মকাণ্ড পরিচালিত হয় ভারপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশ অনুযায়ী। মেহেরপুর এলএসডি’র কোয়ার্টারে থাকছেন অথচ ভাড়া দিচ্ছেন না। তাদের মধ্যে এএসআই মামুনুর রশিদ, পোস্টিং গাংনী, ১৫ জুলাই ২০১৫ সাল থেকে মেহেরপুরের কোয়ার্টারে বসবাস করছেন ভাড়া বিহীন।

নিরাপত্তা প্রহরী আলামিন শেখ ২৭ আগস্ট ২০২৩ থেকে কোয়ার্টারে আছেন ভাড়া বিহীন। গোডাউনের বিদ্যুৎ লাইন নিয়ে ফুটপাতে খাবারের ব্যবসা করেন, সেই বিদ্যুৎ লাইন থেকে টাকার বিনিময়ে অন্যদের সংযোগ দেন।

নিরাপত্তা প্রহরী কুদ্দুস ৩০ আগস্ট ২০২৩ থেকে কোয়ার্টারে বসবাস করছেন ভাড়া বিহীন। গোডাউনের বাইরে ফুটপাতে ব্যবসা করেন।
ঝাড়ুদার হাফিজুর ২০ ফেব্রুয়ারি ২০২৪ থেকে এএসআই কোয়ার্টারে ভাড়া বিহীন বসবাস করছেন। ভারপ্রাপ্ত কর্মকর্তা দেবদূত রায়ের ঘনিষ্ঠজন। খুলনা থেকে তাকে এখানে মাস্টার রোলে চাকরি দিয়েছেন।

নিরাপত্তা প্রহরী আমানুজ্জামান ২১ মে ২০২৩ থেকে বসবাস করছেন এএসআই কোয়ার্টারে। ভাড়া দেন না। একটা কোয়ার্টার খালি আছে, সেটাতে মুরগি, কবুতর, ছাগল পোষা হয়। নিরাপত্তা প্রহরী আমানুজ্জামান ও আলামিন এই কাজটি করে থাকেন।
অভিযোগের বিষয়ে জানতে চেয়ে এলএসডি’র ভারপ্রাপ্ত কর্মকর্তা দেবদূত রায়ের মোবাইল ফোনে বারবার ফোন করলেও তার সাথে কথা বলা সম্ভব হয়নি।

সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এরশাদ আলীর সাথে কথা বললে তিনি বলেন, এ বিষয়ে তিনি কিছুই জানেন না।

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ডিসি ফুড) আসমা উল হোসনা এইসব অনিয়মের কথা শুনে বিস্ময় প্রকাশ করেন। তিনি বলেন, আমি এখানে নতুন যোগদান করেছি তাই সকল অভিযোগ খতিয়ে দেখবো। একটি তদন্ত কমিটির মাধ্যমে তদন্ত করবো এবং কমিটির রিপোর্ট অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করবো।

(আগামী পর্বে পড়ুন গাংনী ও আমঝুপি এলএসডিদের নিয়ে সংবাদ।)

মেহেরপুরে এনসিপি’র পিরোজপুর ইউনিয়ন আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার ৫নং পিরোজপুর ইউনিয়নে আগামী তিন মাসের জন্য জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ২১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটির অনুমোদন করা হয়েছে। গতকাল মঙ্গলবার জাতীয় নাগরিক পার্টি মেহেরপুর সদর উপজেলার প্রধান সমন্বয়কারী হাসমত উল্লাহ ও যুগ্ম সমন্বয়কারী সালাউদ্দিন রনির স্বাক্ষরিত এক পত্রে কমিটি অনুমোদনের বিষয়টি জানানো হয়েছে।

কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন, মোঃ টিটন এবং সদস্য সচিব হিসেবে আনারুল ইসলাম। যুগ্ম আহ্বায়ক পদে রয়েছেন মোঃ পাইন আলী, মুফতি মোঃ মফিজুর রহমান ও মোঃ মনিরুল ইসলাম। যুগ্ম সদস্য সচিব হিসেবে আছেন মোঃ উল্লাস, মোঃ রবিউল ইসলাম ও শ্রী ছমির

দাস। মুখ্য সংগঠক হিসেবে রয়েছেন আব্দুল হালিম।

এছাড়াও আব্দুস সালাম, মোঃ সিরাজুল ইসলাম, মোঃ লুৎফর রহমান, মোঃ রাজন, মোঃ বিপ্লব, মোঃ নাসিম রেজা, মোঃ আজিজুল, মোঃ শামীম, মোঃ রবিউল ইসলাম, সুন্নত আলী, মোঃ মহিদুল ইসলাম ও অধ্যাপক মোহাঃ দারুস সালাম সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

মেহেরপুরে খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন বিতরণ

মেহেরপুরে ডেইরি খামারিদের মাঝে গতকাল মঙ্গলবার দুপুরে ঘাস ও খড় কাটার মেশিন বিতরণ করেছে উন্নয়নমূলক প্রতিষ্ঠান ওয়েভ ফাউন্ডেশন।

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ড্যানিডার অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)-এর আওতায় “নিরাপদ মাংস, দুধ ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন” শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের চলমান কার্যক্রমের অংশ হিসেবে এই বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ আশরাফুল হক। তিনি বলেন, খামার যান্ত্রিকীকরণের ফলে উৎপাদন বৃদ্ধি পাবে, সময় ও শ্রম সাশ্রয় হবে, অল্প সময়ে বেশি কাজ সম্পাদন করা সম্ভব হবে এবং খামার ব্যবস্থাপনা উন্নত হবে। এছাড়া যান্ত্রিকীকরণের ফলে রোগবালাই কমে আসবে ও খামারগুলো আরও আধুনিকায়ন হবে।

এ সময় মেহেরপুর অফিসের ইউনিট ম্যানেজার মোঃ আনোয়ার হোসেন আরএমটিপি প্রকল্পের মাধ্যমে সদর উপজেলায় ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম এবং খামারিদের ঋণ সুবিধা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

অনুষ্ঠানে স্থানীয় খামারি, উদ্যোক্তা, এলাকার গণ্যমান্য

[illegible]

[illegible]

[illegible]: [illegible] World Innovation Competition & Exhibition (WICE) 2025-[illegible]

[illegible] “HEXAGUARD ROVER” [illegible] IT & Robotics Category-[illegible]

[illegible] Green Peoples Bangladesh [illegible]

[illegible], “[illegible]

হলো আমরা স্বর্ণপদক পেয়েছি, তখন মনে হয়েছিল এটাই জীবনের সবচেয়ে গর্বের মুহূর্ত। এ অর্জন শুধু একটি পদক নয়; বরং মেহেরপুর জেলার মেধাবী তরুণদের উদ্ভাবনী শক্তিকে বিশ্বমঞ্চে তুলে ধরার এক উজ্জ্বল উদাহরণ। তার বিশ্বাস, এ সাফল্য আগামী দিনে বাংলাদেশের তরুণদের আরও অনুপ্রাণিত করবে।

তিনি তরুণদের উদ্দেশ্যে তোহা বলেন—“স্বপ্ন দেখো, কঠোর পরিশ্রম করো এবং কখনো হাল ছেড়ো না। সুযোগ সবসময় সহজে আসে না, তবে দৃঢ় মনোবল আর অবিরাম চেষ্টা একদিন অবশ্যই সাফল্য এনে দেয়। আর সবকিছুর ওপরে মহান আল্লাহর প্রতি আস্থা রাখো।”
তার পরিবার এ সাফল্যে আনন্দে আপ্লুত হয়। বাবা মো: আসাদুজ্জামান (বিদ্যুৎ) জানান, “আমার ছেলে শুধু আমাদের পরিবারের নয়, মেহেরপুর জেলার গর্ব।”

মেহেরপুর জেলা প্রশাসন, জনপ্রতিনিধি এবং সমাজের সামর্থ্যবান ব্যক্তিরা যেন ভবিষ্যতে তার উদ্ভাবনী কার্যক্রম ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য পাশে দাঁড়ান এ আশা করেনে তোহা ও তার পরিবারের সদস্যরা। তাদের বিশ্বাস, সবার সম্মিলিত সহযোগিতা পেলে তোহা আরও বড় অর্জন এনে মেহেরপুর তথা বাংলাদেশের নাম উজ্জ্বল করতে পারবেন।

HEXAGUARD ROVER কী?

প্রকল্পটি মূলত একটি উদ্ভাবনী রোবোটিক সিস্টেম, যা দুর্যোগকালীন উদ্ধার কাজ, নজরদারি ও দুর্গম এলাকায় নিরাপত্তা কার্যক্রমে সহায়তা করতে সক্ষম। এর উদ্দেশ্য হলো প্রযুক্তিকে কাজে লাগিয়ে মানুষের জীবন রক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা।

মেহেরপুর বার থেকে হাইকোর্টের বিচারপতি; আসিফ হাসানকে

সংবর্ধনা

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নবনিযুক্ত অতিরিক্ত বিচারপতি আসিফ হাসানকে সংবর্ধনা দিয়েছে মেহেরপুর জেলা আইনজীবী সমিতি।

মঙ্গলবার দুপুরে সমিতির মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা ও মতবিনিময় সভায় জেলা বারের সকল সদস্য উপস্থিত ছিলেন।

বিচারপতি আসিফ হাসান মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ৩৯ নম্বর সদস্য। তাকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে সংবর্ধনা স্মারক তুলে দেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহাম্মদ বিজন, সাধারণ সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর এ এস এম সাইদুর রাজ্জাক টোটন এবং সিনিয়র সদস্য অ্যাডভোকেট মখলেছুর রহমান খান স্বপন।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সভাপতি অ্যাডভোকেট মারুফ আহাম্মদ বিজন এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক টোটন। বক্তব্য রাখেন বারের সিনিয়র সদস্য, সাবেক ও বর্তমান সভাপতি ও সাধারণ সম্পাদকরা।

সভায় বক্তব্যে বারের সাবেক সভাপতি ও জেলা জজ আদালতের সাবেক পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য বলেন, আমাদের জেলার সন্তান ও মেহেরপুর বারের গর্বিত সদস্য হাইকোর্টে বিচারপতি নিযুক্ত হওয়ায় আমরা সত্যিই গর্বিত। আমি প্রস্তাব রাখছি, আসিফ হাসানের সম্মানে মেহেরপুর জেলা বারের ৩৯ নম্বর সদস্যপদটি স্থায়ীভাবে সংরক্ষিত করা হোক।

সভাপতির বক্তব্যে অ্যাডভোকেট মারুফ আহাম্মদ বিজন বলেন, আমাদের ছোট্ট জেলা থেকে এই প্রথম কেউ হাইকোর্ট বিভাগের বিচারপতি হিসেবে নিয়োগ পেয়েছেন, এটি আমাদের জন্য ঐতিহাসিক অর্জন। আসিফ হাসানের এই নিয়োগ প্রমাণ করেছে, মেহেরপুর থেকেও বিচারাঙ্গনের সর্বোচ্চ শিখরে পৌঁছানো সম্ভব। চাকরি বিধি অনুযায়ী বিচারকদের অবসরের বয়স ৬৭ বছর। আমরা প্রত্যাশা করি, এর মধ্যেই তিনি নিজের যোগ্যতায় বাংলাদেশ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির পদ অলংকৃত করবেন।

সংবর্ধিত বিচারপতি আসিফ হাসান বলেন, আমি সব সময় আমার বারকে শ্রদ্ধা করেছি, কখনো অসম্মান করিনি। এখানকার সকল আইনজীবীরও উচিত নিজেদের বারের মর্যাদা অক্ষুণ্ণ রাখা। রাস্তায় চায়ের দোকানে বসে আড্ডা দেওয়ার মতো কাজ এড়িয়ে চলা প্রয়োজন। আমাদের সকল আলোচনা

এবং আড্ডা বার ও আদালতের মধ্যেই সীমাবদ্ধ থাকলে পেশার মর্যাদা আরও বৃদ্ধি পাবে।

উল্লেখ্য, বিচারপতি আসিফ হাসান মেহেরপুর জেলার সন্তান। তিনি স্থানীয় বিদ্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা শেষ করে ঢাকার একটি স্বনামধন্য কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাশ করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক (এলএলবি) ও স্নাতকোত্তর (এলএলএম) ডিগ্রি অর্জন করেন।